



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

পিএবিএক্স- ৫৫০১৩৭২৬-২৮

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:/২০৯/১৩-

তারিখ: ১২ অক্টোবর ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

পুলিশের কাউন্টার টেররিজম ইউনিট ও মানবাধিকার কমিশনের বৈঠক অনুষ্ঠিত

পুলিশের কাউন্টার টেররিজম ইউনিটের প্রধান মনিরুল ইসলামের নেতৃত্বে একটি প্রতিনিধিদলের সাথে আজ ১২ অক্টোবর ২০১৭ তারিখ কমিশন কার্যালয়ে মাননীয় চেয়ারম্যান কাজী রিয়াজুল হকের নেতৃত্বে একটি প্রতিনিধিদলের সাথে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এ সময় পুলিশের কাউন্টার টেররিজম ইউনিটের সদস্যদের মানবাধিকার প্রশিক্ষণ প্রদান বিষয়ক আলোচনা অনুষ্ঠিত হয়।

জাতীয় মানবাধিকার কমিশন আইন ২০০৯ এর ১২ (১) (খ) ধারায় মানবাধিকার সংরক্ষণ বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের প্রশিক্ষণ প্রদান করার দায়িত্ব দেওয়া হয়েছে। এ ধারার অধীনে প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা বিষয়ে আজকের বৈঠকে দুই পক্ষ একমত হয়েছে এবং প্রশিক্ষণ কর্মসূচির খসড়া নিয়ে আলোচনা করেছে।

মাননীয় চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেন, “বর্তমান বিশ্বে সন্ত্রাসবাদ মোকাবেলা একটি বড় চ্যালেঞ্জ। বাংলাদেশের আইন প্রয়োগকারী সংস্থা অত্যন্ত দক্ষতার সাথে এ চ্যালেঞ্জ মোকাবেলা করেছে এবং তাদের এই প্রয়াস চলমান আছে। যে কোন অভিযোগ পরিচালনায় কাউকে গ্রেপ্তার করার সময় হেফাজতে বন্দী মানুষের মানবাধিকারের বিষয়সহ মানবাধিকারের বিভিন্ন দিক নিয়ে ইউনিটের সদস্যদের প্রশিক্ষণ দেওয়া-ই এই কর্মসূচীর উদ্দেশ্য”। তাদের দ্বারা যাতে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা না ঘটে সে ব্যাপারে সর্বক থাকার জন্য আহ্বান জানানো হয়।

কাউন্টার টেররিজম ইউনিটের প্রধান মো. মনিরুল ইসলাম বলেন, কাউন্টার টেররিজম ইউনিট মানবাধিকার বিষয়টি বিবেচনায় রেখে অভিযান পরিচালনা করে। যে কোন জঙ্গি অভিযানে আমরা জীবনের ঝুঁকি নিয়ে জঙ্গিদের প্রথমে আত্মসমর্পন করতে রাজি করানোর চেষ্টা করি। জাতীয় মানবাধিকার কমিশনের প্রশিক্ষণ ইউনিটের সদস্যদের মানবাধিকার সম্পর্কে আরও সচেতন করে তুলবে”। বৈঠকে জাতীয় মানবাধিকার কমিশন, এনজিও ও কাউন্টার টেররিজম ইউনিটের সাথে একাধিক আলোচনা, প্রতিটি থানায় মানবাধিকার ডেস্ক স্থাপন, মানবাধিকার বিষয়ে অগ্রণী ভূমিকা পালনকারী পুলিশ সদস্যকে পুরস্কৃতকরণের মাধ্যমে অন্যান্য পুলিশ সদস্যকে উৎসাহিতকরণের বিষয়ে আলোচনা হয়েছে।

ইতিপূর্বে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের মানবাধিকার প্রশিক্ষণ প্রদানের বিষয়ে এ বছর ফেব্রুয়ারিতে পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে মানবাধিকার কমিশনের বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় আরো উপস্থিত ছিলেন কমিশনের সার্বক্ষণিক সদস্য মো. নজরুল ইসলাম, সদস্য নূরুন নাহার ওসমানী, সচিব হিরণ্ময় বাঁড়ৈসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ, ইউএনডিপি চিফ টেকনিক্যাল এডভাইজর শর্মীলা রাসুল এবং ইউএনডিপি উর্ধ্বতন কর্মকর্তাগণ। ডিএমপি'র যুগ্ম-কমিশনার মোঃ আমিনুল ইসলামসহ কাউন্টার টেররিজম ইউনিটের উর্ধ্বতন কর্মকর্তাগণ।

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

মোবাইল: ০১৭৯০৫৩৬৯৩৬